# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৯৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, উট বাধার স্থানে সালাত আদায় করা নিষেধ করা হয়েছে কারণ উটকে শয়তান থেকে সৃষ্টি করা হয়েছে

## ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّ الزَّجْرَ عَنِ الصَّلَاةِ فِي أَعْطَانِ الْإِبِلِ إِنَّمَا زُجِر لِأَنَّهَا مِنَ الشَّيَاطِينِ خُلقت

---

আরবী

1699 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنا هُشَيْمٌ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ بْنُ عُبَيْدٍ عَنِ الْحَسَنِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (صَلُّوا فِي مَرَابِضِ الْغَنَمِ وَلَا تُصَلُّوا فِي مَعَاطِنِ الإبل فإنها خُلقت من الشياطين)

الراوي : عَبْدِ اللَّهِ بْن مُغَفَّلٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1699 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (176)، ((الضعيفة)) (2210)، ((صحيح الجامع)) (3788).

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَإِنَّهَا خُلقت مِنَ الشَّيَاطِينِ) أَرَادَ بِهِ أَنَّ مَعَهَا الشَّيَاطِينَ وَهَكَذَا قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَلْيَدْرَأْهُ مَا اسْتَطَاعَ فَإِنْ أَبَى فَلْيُقَاتِلْهُ فَإِنَّهُ شَيْطَانٌ)

ثُمَّ قَالَ فِي خَبَرِ صَدَقَةَ بْنِ يَسَارٍ عَنِ ابْنِ عُمَرَ: (فَلْيُقَاتِلْهُ فَإِنَّ مَعَهُ الْقَرِينَ)

বাংলা

১৬৯৯. আব্দুল্লাহ বিন মুগাফ্ফাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা মেষের খোয়াড়ে সালাত আদায় করতে পারবে, তবে উট বাধার স্থানে সালাত আদায় করবে না। কেননা উট শয়তান থেকে সৃষ্টি করা হয়েছে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য “কেননা উট শয়তান থেকে সৃষ্টি করা হয়েছে” এর দ্বারা উদ্দেশ্য হলো উটের সাথে শয়তান থাকে। অনুরুপভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য “কেউ সালাতের সামনে দিয়ে গমন করতে চাইলে, তাকে সাধ্যমতে হাত দিয়ে প্রতিহত করবে। এর পরেও যদি সে নিবৃত না থাকে, তবে তার সাথে লড়াই করবে, কেননা সে শয়তান।”

তারপর আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে সাদাকাহ বিন ইয়াসারের হাদীসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তবে সে যেন তার সাথে লড়াই করে, কেননা তার সাথে শয়তান সঙ্গী রয়েছে।”

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৮৪; মুসনাদ আহমাদ: ৫/৫৬; ইবনু মাজাহ: ৭৬৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৬০২; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৬৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫০৪; আত তায়ালিসী: ৯১৩; নাসাঈ: ২/৫৬; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৩৮৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১৭৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90915

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন